জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-২
বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০।
www.minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৫৬.২২.০০১.২০.৮

তারিখ: ২৬ চৈত্র ১৪২৬
০৯ এপ্রিল ২০২০

**অফিস আদেশ**

বিশ্বব্যাপি মরণব্যাধি করোনা ভাইরাস (Covid-19) সংক্রমিত হয়েছে। বাংলাদেশে করোনা ভাইরাসে আক্রান্তের সংখ্যা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। করোনা ভাইরাসের সংক্রমণ বৃদ্ধি রোধকল্পে সরকার ইতোমধ্যে সকল সরকারি ও বেসরকারি অফিস-আদালত ছুটি ঘোষণা করেছে। সংক্রমিত ব্যক্তির সংস্পর্শে সুস্থ মানুষও এই ভাইরাসে আক্রান্ত হতে পারেন। তৎপ্রেক্ষিতে সরকার কর্তৃক সাধারণ মানুষের চলাচল সীমিত করা হয়েছে। অবস্থার অবনতি হওয়ায় কোন কোন স্থান/এলাকা লক্‌ডাউন (Lock Down) ঘোষণা করা হয়েছে। ফলে ভূমি উন্নয়ন কর (সাধারণ ও সংস্থা) আদায়কারী সংশ্লিষ্ট দপ্তর এবং ভূমি উন্নয়ন কর প্রদানকারী সম্মানিত জনগণ/সংস্থা উভয়ের পক্ষে কর আদায়/পরিশোধ করা সম্ভবপর হচ্ছেনা। এ বিষয়টি সরকারের দৃষ্টিগোচরে এসেছে।

০২। প্রচলিত বিধি অনুযায়ী প্রতি বাংলা বছরে ৩০ শে চৈত্র তারিখের মধ্যে ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে হয়। ৩০ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ সমাগত। দেশের এই করূণ পরিস্থিতিতে উল্লিখিত তারিখের মধ্যে বকেয়া এবং চলতি বছরের অনাদায়ী ভূমি উন্নয়ন কর আদায় করা কোনভাবেই সম্ভব নয়। ফলে সাধারণ নাগরিকদের সুবিধার্থে ১৪২৬ বঙ্গাব্দ সনের ভূমি উন্নয়ন কর পরিশোধের সময়সীমা আরও ০১ (এক) মাস বৃদ্ধি করা একান্তভাবে আবশ্যক, বাস্তব ও যুক্তিসঙ্গত।

০৩। এমতাবস্থায়, সাধারণ ও সংস্থা নির্বিশেষে সকল শ্রেণির ভূমি উন্নয়ন কর আদায়/পরিশোধের সুবিধার্থে আগামী ৩০ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ মোতাবেক ১৩ মে ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত ভূমি উন্নয়ন কর আদায়/পরিশোধের সময়সীমা বর্ধিত করা হলো।

০৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৯-৪-২০২০
মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী
সচিব
ফোন: +৮৮০২৯৫৫৫০৪৩
ফ্যাক্স: +৮৮০২৯৫৪০০২৫
ইমেইল:
secretary@minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৫৬.২২.০০১.২০.৮/১(৫১৬)

তারিখ: ২৬ চৈত্র ১৪২৬
০৯ এপ্রিল ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড/ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৪) মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা।
৫) অতিরিক্ত সচিব (......................... (সকল), ভূমি মন্ত্রণালয়।
৬) বিভাগীয় কমিশনার ....................(সকল)।
৭) জেলা প্রশাসক ........................ (সকল) । অধীনস্থ সহকারী কমিশনার (ভূমি)গণকে অবহিত করার অনুরোধসহ।
৮) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, ভূমি মন্ত্রণালয় । মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
১০) উপজেলা নির্বাহী অফিসার ..................(সকল)।
১১) সহকারী কমিশনার , (ভূমি) ................... , (সকল)।
১২) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা , ভূমি মন্ত্রণালয় (ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১৩) হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
১৪) অফিস কপি, মাঠ প্রশাসন-২ অধিশাখা ভূমি মন্ত্রণালয়।

৯-৪-২০২০
মোহাম্মদ শামছুজ্জামান
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জরুরি

ভূমি মন্ত্রণালয়

মাঠ প্রশাসন-২

বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০।

www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৬.১০.০০১.২০.৭ তারিখ: ২৬ চৈত্র ১৪২৬

০৯ এপ্রিল ২০২০

বিষয়: **ভূমি সেবা সপ্তাহ ও ভূমি উন্নয়ন কর মেলা-২০২০ স্থগিতকরণ।**

সূত্র: ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন অধিশাখার ০৫ মার্চ ২০২০ তারিখের ৩১.০০.০০০০.০৫৬.২৯.০০৫.২০.২৪ (৬০০) স্মারকপত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপি মরণব্যাধি করোনা ভাইরাস (Covid-19) সংক্রমিত হয়েছে। বাংলাদেশে করোনা ভাইরাসে আক্রান্তের সংখ্যা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। করোনা ভাইরাসের সংক্রমণ বৃদ্ধি রোধকল্পে সরকার ইতোমধ্যে সকল সরকারি ও বেসরকারি অফিস-আদালত ছুটি ঘোষণা করেছে। সংক্রমিত ব্যক্তির সংস্পর্শে সুস্থ মানুষও এই ভাইরাসে আক্রান্ত হতে পারেন। তৎপ্রেক্ষিতে সরকার কর্তৃক সাধারণ মানুষের যাতায়াত সীমিত করা হয়েছে। অবস্থার অবনতি হওয়ায় কোন কোন স্থান/এলাকা লক্‌ডাউন (Lock Down) ঘোষণা করা হয়েছে।

০২। জরুরি সেবা ব্যতিত অন্যান্য সরকারি অফিস-আদালতের ন্যায় সরকারি নির্দেশনায় ইউনিয়ন/পৌর/সার্কেল ভূমি অফিস বন্ধ রাখা হয়েছে। ফলে, ভূমিসেবা গ্রহণে সম্মানিত সেবা গ্রহিতাগণ এবং ভূমিসেবা প্রদানে দায়িত্বরত কর্মকর্তাগণের পক্ষে সরাসরি ভূমিসেবা গ্রহণ বা প্রদান করা সম্ভবপর হচ্ছে না।

০৩। দেশব্যাপী করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯)-এর সংক্রমণ এবং এর ব্যাপক বিস্তার রোধকল্পে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ ও জনগণের সুবিধার্থে আগামী ১২/০৪/২০২০ তারিখ হতে অনুষ্ঠেয় ভূমিসেবা সপ্তাহ ও ভূমি উন্নয়ন কর মেলা-২০২০ পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত স্থগিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৯-৪-২০২০


মোহাম্মদ শামছুজ্জামান

সিনিয়র সহকারী সচিব

ফোন: +৮৮০২৯৫৪০১৭২

ইমেইল: fa2@minland.gov.bd


বিতরণ :

১) বিভাগীয় কমিশনার ................(সকল)

২) জেলা প্রশাসক...................... (সকল)

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৬.১০.০০১.২০.৭/১(৪৪৩) তারিখ: ২৬ চৈত্র ১৪২৬

০৯ এপ্রিল ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

২) সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড/ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

৪) মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা।

৫) অতিরিক্ত সচিব (----------------) সকল, ভূমি মন্ত্রণালয়।

৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়।

৭) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, ভূমি মন্ত্রণালয়।

৮) উপজেলা নির্বাহী অফিসার........... (সকল)।

৯) সহকারী কমিশনার (ভূমি), ------------, (সকল)।

১০) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, ভূমি মন্ত্রণালয় (ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১১) অফিস কপি, মাঠ প্রশাসন-২, ভূমি মন্ত্রণালয়, ঢাকা।

৯-৪-২০২০
মোহাম্মদ শামছুজ্জামান
সিনিয়র সহকারী সচিব